

## উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ১৫/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের (৩০-১২-২০২০) সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা ১৫/০৬/২০২৩ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০টায় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস), ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য জনাব মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩), ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব ইমাম হাসান রাজা, সিনিয়র সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন।


### ২. আলোচনা:

- ২.১. সভার শুরুতে উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ২০২২-২০২৩ অর্থবছরে অনুষ্ঠিত গত তিনটি ত্রৈমাসিক সভার (২৭/০৯/২০২২ তারিখ, ২০/১২/২০২২ তারিখ ও ১৬/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত) সুপারিশসমূহ এবং সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যদের অবহিত করেন।
- ২.২. সভার সভাপতি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সভায় উপস্থিত সদস্যদের অবহিত করেন।
- ২.৩. ইতোপূর্বে উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের মাধ্যমে উদ্ভাবিত, বাস্তবায়িত, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ এবং সেবাসমূহ চালু রাখা নিয়ে সভায় আলোচনা হয়।

৩. সুপারিশ :

৩.১. উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের মাধ্যমে উদ্ভাবিত, বাস্তবায়িত, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদ করা, সেবাসমূহ সার্বক্ষণিক চালু রাখার সুপারিশ করা হয়।

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইসতিয়াক এম সৈয়দ  
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, এবং  
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

**Dr. Ishtiaque M. Syed**  
**Professor**  
**Department of Physics**  
**University of Dhaka, Dhaka-1000**